The settlement is but the beginning of the end. The political part of it, very important though it no doubt is, occupies but a small space in the vast field of reform that has to be tackled by Caste Hindus during the coming days, namely the complete removal of social and religious disabilities under which a large part of the Hindu population has been groaning.

I should be guilty of a breach of trust, if I do not warn fellow reformers and Caste Hindus

in general that the breaking of the fast carried with it a sure promise of its resumption, if this is not relentlessly pursued and achieved within a measurable period. I had thought of laying down a period, but I feel that I may not do so without a definite call from within. The message of freedom shall penetrate every 'untouchable' home, and that can only happen if reformers will cover every village. And yet in the wave of enthusiasm and in an inordinate desire to spare me the repetition of the agony there should be no coercion. We must, by patient toil and self-suffering, convert the ignorant and superstitious but never seek to compel them by force.

I wish too that the almost ideal solution that has been arrived at may be followed by the other communities and that we might see a dawn of a new era of mutual trust, mutual give and take, and a recognition of the fundamental unity of all communities.

I would here single out the Hindu-Moslem-Sikh question. I am the same to the Musalman today that I was in 1920-1922. I should be just as prepared to lay down my life as I was in Delhi to achieve an organic unity and permanent peace between them, and I hope and pray that there will be, as a result of this upheaval, a spontaneous move in this direction, and then surely the other communities can no longer stand out.

In conclusion I would like to thank the Government and the jail staff and the medical men appointed by the Government to look after me. Extreme care and attention was bestowed upon me. Nothing was left undone. The jail staff worked under terrible pressure and I observed that they did not grudge this labour. I thank them all from high to low.

I thank the British Cabinet for hastening the decision on the settlement. The terms of the decision sent to me, I have not approached without misgivings. It accepts, I suppose, very naturally only that part of the Agreement that refers to the British Cabinet's communal decision. I expect that they had constitutional difficulty in now announcing their acceptance of the whole agreement.

But I would like to assure my Harijan friends, as I would like henceforth to name them, that so far as I am concerned, I am wedded to the whole of that agreement and that they may hold my life as hostage for its due fulfilment unless we ourselves arrive at any other and better settlement of our own free will.

M. K. GANDHI.

## ୪ୠ ତାଖିଲ \*

ରବୀନ୍ଦ୍ରନାଥ ଠାକୁର

ଶ୍ରୀର ପୂର୍ଣ୍ଣଗ୍ରାମେର ଲଗେ ଅନ୍ଧକାବ ଯେମନ କ୍ରମେ କ୍ରମେ ଦିନକେ ଆଛନ୍ତି କାବେ ତେମନି ଆଜି ମୃତ୍ୟୁର ଛାୟା ସମସ୍ତ ଦେଶକେ ଆବୃତ କରାଚେ । ଏମନ ସର୍ବଦେଶବ୍ୟାପୀ ଉଂକଟ୍ଟା ଭାରତେର ଇତିହାସେ ସଟେନି, ପରମ ଶୋକେ ଏହି ଆମାଦେର ମହା ମାୟନା । ଦେଶେବ ଆପାମର ସାଧାରଣକେ ଆଜକେର ଦିନେର ବେଦନା ସ୍ପର୍ଶ କରାଚେ । ଯିନି ଶୁଦ୍ଧୀର୍ଧକାଳ ଛାଥେର ତପମ୍ଭାର ମଧ୍ୟ ଦିଯେ ସମସ୍ତ ଦେଶକେ ଯଥାର୍ଥଭାବେ ଗଭୀରଭାବେ ଆପନ କରେ ନିଯେଚେନ ମେହି ମହାଭ୍ରା ଆଜ ଆମାଦେର ସକଳେର ହୟେ ମୃତ୍ୟୁବ୍ରତ ଗ୍ରହଣ କବଲେନ ।

ଦେଶକେ ଅନ୍ତର୍ଶତ୍ରୁ ସୈଗ୍ରମ୍ୟ ନିଯେ ଯାରା ବାହୁଦାଳେ ଅଧିକାର କରେ, ଯତ ବଡ଼ୋ ହୋକ୍ ନା ତାଦେର ପ୍ରତାପ, ଯେଥାନେ ଦେଶେର ପ୍ରାଣବାନ ସତ୍ତା ସେଥାନେ ତାଦେର ପ୍ରବେଶ ଅସକନ୍ତ । ଦେଶେର ଅନ୍ତରେ ଶୂଚ୍ୟଗ୍ର ପବିନାମ ଭୂମି ଜୟ କରବେ ଏମନ ଶକ୍ତି ନେଇ ତାଦେର । ଅନ୍ତ୍ରେବ ଜୋବେ ଭାରତବର୍ଷକେ ଅଧିକାର କରାଚେ କତ ବିଦେଶୀ କତ ବାବ । ମାଟିତେ ରୋପନ କବେଚେ ତାଦେବ ପତାକା, ଆବାର ମେ ପତାକା ମାଟିତେ ପଡ଼େ ଖୁଲୋ ହୟେ ଗେଛେ ।

ଅନ୍ତର୍ଶତ୍ରୁବ କାଟା-ବେଡ଼ା ଦିଯେ ଯାରା ବିଦେଶେ ଆପନ ସହକେ ଶ୍ରାୟୀ କବାବ ହୁରାଶା ମନେ ଲାଲନ କରେ ଏକନିନ କାଲେର

\* ମହାଭ୍ରାଜିର ଅନଶନ ଭାବ ଆରତ୍ତ କରିବାର ଲିମେ ଅନ୍ତର୍ବାଦୀ-ଗଣେବ ନିକଟ ଅଭିଭାଷଣ ।

আহ্বানে যে মুহূর্তে তাবা নেপথ্যে সবে দাঢ়ায় তখনই ইট  
কাঠের ভগ্নপে পুঁজীভূত হয় তাদের কীর্তির আবর্জনা।  
আর যারা সত্যের বলে বিজয়ী তাদের আধিপত্য তাদের  
আয়ুকে অতিক্রম ক'রে দেশের মর্মস্থানে বিরাজ কবে।

দেশের সমগ্র চিত্তে বাঁর এই অধিকার তিনি সমস্ত দেশের  
হয়ে আজ আরো একটি জয়যাত্রায় প্রবৃত্ত হয়েছেন চতুর  
আঞ্চোৎসর্গের পথে। কোন্তু কুকুর বাধা তিনি দূর করতে  
চান, যাব জন্তে তিনি এত বড়ো মূল্য দিতে কুঠিত হলেন  
না সেই কথাটি আজ আমাদের স্মৃক হয়ে চিহ্ন করবার  
দিন।

আমাদের দেশে একটি ভয়ের কারণ আছে। যে পদার্থ  
মানসিক তাকে আমরা বাহিক দক্ষিণা দিয়ে সুলভ সম্মানে  
বিদায় কবি। চিহ্নকে বড়ো কবে তুলে সত্যকে খর্ব কবে  
থাকি। আজ দেশনেতারা স্থির করেছেন যে, দেশের লোকেরা  
উপবাস করবে। আমি বলি এতে দোষ নেই, কিন্তু ভয়  
হয় মহাভাজি যে প্রাণপণ মূল্যের বিনিময়ে সত্যকে লাভ  
করবার চেষ্টা করছেন তার তুলনায় আমাদের কৃত্য নিতান্ত  
লঘু এবং বাহিক হয়ে পাছে লজ্জা বাঢ়িয়ে তোলে। হৃদয়ের  
আবেগকে কোনো একটা অস্থায়ী দিনের সামাজিক হাঁথে  
লক্ষণে কীৰ্ণ বেঝায় চিহ্নিত করে কর্তৃব্য মিটিয়ে দেবার মতো  
হৃষ্টিনা যেন না ঘটে।

আমরা উপবাসের অনুষ্ঠান করব কেননা মহাভাজি  
উপবাস করতে বসেছেন, এই ছটাকে কোনো অংশেই যেন  
একত্রে তুলনা করবার মুঢ়তা ক'রে মনে না আসে। এ  
ছটা একেবারেই এক ছিনিষ নয়। তার উপবাস, সে তো  
অনুষ্ঠান নয়, সে একটি বাণী, চরম ভাষার বাণী। ঘৃহ্য তার

করতে আমাদের বাজে, কেননা তার উপরে আমাদের মমহ। সেই অশ্রয়প্রাপ্ত পাপের বিরুদ্ধে আজ মহাআশা চরম যুদ্ধ ঘোষণা করে দিলেন। আমাদের দুর্ভাগ্যক্রমে এই রণক্ষেত্রে তাঁর দেহের অবসান ঘটতেও পাবে কিন্তু সেই লড়াইয়ের ভার তিনি আমাদের প্রত্যেককে দান করে যাবেন। যদি তাঁর হাত থেকে আজ আমরা সর্বান্তকরণে সেই দান গ্রহণ করতে পারি তবেই আজকের দিন সার্থক হবে। এত বড়ো আহ্বানের পরেও যাব। একদিন উপবাস ক'বে তার পরদিন হতে উদাসীন থাকবে, তারা দুঃখ থেকে যাবে দুঃখে, দুর্ভিক্ষ থেকে দুর্ভিক্ষে। সামাজ্য কৃচ্ছ্র সাধনের দ্বারা সত্য-সাধনার অবমাননা যেন না করি।

মহাআজির এই অত আমাদের শাসনকর্তাদের সংকলকে কী পরিমাণে ও কী ভাবে আধাত করবে জানিনে, আজ সেই পোলিটিকাল তর্ক অবতারণার দিন নয়। কেবল একটা কথা বলা উচিত বলে বল্ব। দেখতে পাচ্ছি মহাআজির এই চরম উপায় অবলম্বনের অর্থ অধিকাংশ ইংরেজ বুঝতে পারচেন না। না পারবার একটা কারণ এই যে মহাআজির ভাষা তাঁদের ভাষা নয়। আমাদের সমাজের সধ্যে সাংঘাতিক বিচ্ছেদ ঘটাবার বিরুদ্ধে মহাআজির এই প্রাণপণ প্রয়াস তাঁদের প্রয়াসের প্রচলিত পদ্ধতির সঙ্গে মেলে না বলেই এটাকে এত অঙ্গুত বলে মনে হচ্ছে। একটা কথা তাঁদের স্মরণ কবিয়ে দিতে পাবি—গ্রাম্যরণ্ড যথন ব্রিটিশ ঐক্যবন্ধন থেকে দ্বন্দ্ব হবার চেষ্টা করেছিল তখন কী বীভৎস দ্ব্যাপার ঘটেছিল। কত রক্তপাত, কত অমানুষিক নিষ্ঠুরতা। পলিটিক্সে এই হিংস্র পদ্ধতিই পশ্চিম নচাদেশে অভ্যন্তর: সেই কারণে আয়র্ল্যাণ্ডে রাষ্ট্রিক প্রয়াসের এই রক্তপাতা মুর্দি তো কারো কাছে, অন্ত

অধিকাংশ লোকের কাছে, আর যাই হোক, অন্তু বলে মনে হয় নি। কিন্তু অন্তু মনে হচ্ছে মহাআজির অহিংস্র আত্মত্যাগী প্রয়াসের শান্তমূর্তি। ভারতবর্ষের অবমানিত জাতির প্রতি মহাআজির মমতা নেই এত বড়ো অমূলক কথা মনে স্থান দেওয়া সম্ভব হয়েচে তাব কাবণ এই যে, এই ব্যাপারে তিনি আমাদের রাজসিংহাসনের উপর সঞ্চটের ঝড় বইয়ে দিয়েচেন। রাজপুরুষদের মন বিকল হয়েচে বলেই এমন কথা তাঁরা কল্পনা করতে পেরেচেন। এ-কথা বুবতে পারেন নি রাষ্ট্রিক অস্ত্রাঘাতে হিন্দুসমাজকে দ্বিখণ্ডিত হতে দেখা হিন্দুর পক্ষে শৃঙ্খল চেয়ে কম বিপদের নয়। একদা বাহির থেকে কোনো তৃতীয়পক্ষ এসে যদি ইংলণ্ডে প্রটেষ্টান্ট ও রোমান-ক্যাথলিকদের এইভাবে সম্পূর্ণ বিভক্ত করে দিত তাহলে সেখানে একটা নরহত্যার ব্যাপার ঘট। অসম্ভব ছিল না। এখানে হিন্দু-সমাজের পরম সঞ্চটের সময় মহাআজির দ্বারা সেই বহুপ্রাণবাতক যুদ্ধের ভাষাস্থব ঘটেচে মাত্র। প্রটেষ্টান্ট ও রোমান-ক্যাথলিকদের মধ্যে বহুবীর্ধকাল যে অধিকারভেদ চলে এসেছিল সমাজই আজ স্বয়ং তার সমাধান কবেচে, সে জন্তে তুর্কির বাদশাকে ডাকে নি। আমাদের দেশের সামাজিক সমস্যা সমাধানের ভাব আমাদের পৰ্বে থাকাব প্রয়োজন ছিল।

বাষ্ট্রব্যাপারে মহাআজি যে অহিংস্রনীতি এতকাল প্রচার করেচেন, আজ তিনি সেই নীতি নিজের প্রাণ দিয়ে সমর্থন করতে উদ্বৃত্ত এ কথা বোঝা অত্যন্ত কঠিন বলে আমি মনে করিনে।

# ମହାଆଜିର ଶେଷ ବ୍ରତ

ରବୀନ୍ଦ୍ରନାଥ ଠାକୁର

( ଶାଷ୍ଟିନିକେତନେ ଆହୁତ ପଞ୍ଜିବୀଦେର ପ୍ରତି )

ସୁଗେ ସୁଗେ ଦୈବାଂ ଏହି ସଂସାରେ ମହାପୁକ୍ଷେର ଆଗମନ ହୟ । ସବ ସମୟ ତ୍ବାଦେର ଦେଖା ପାଇନେ । ସଥନ ପାଇ ଦେ ଆମାଦେର ସୌଭାଗ୍ୟ । ଆଜକେବୁ ଦିନେ ହୃଦୟେର ଅନ୍ତ ନେଇ, କତ ପୀଡ଼ନ, କତ ଦୈତ୍ୟ, କତ ରୋଗ ଶୋକ ତାପ ଆମରା ନିତ୍ୟ ଭୋଗ କରୁଛି, ହୃଦୟ ଜମେ ଉଠିଛେ ରାଶି ରାଶି । ତବୁ ସବ ହୃଦୟକେ ଛାଡ଼ିଯେ ଗେଛେ ଆଜ ଏକ ଆନନ୍ଦ । ସେ ମାଟିତେ ଆମରା ବେଁଚେ ଆଛି, ସନ୍ଧରଣ କରୁଛି, ମେହି ମାଟିତେଇ ଏକଜ୍ଞ ମହାପୁରୁଷ, ଯାଁର ତୁଳନା ନେଇ, ତିନି ଭାରତବର୍ଷେ ଜମଗ୍ରହଣ କରେଚେନ ।

ଯାବା ମହାପୁରୁଷ ତାରା ସଥନ ଆସେନ, ଆମରା ଭାଲୋ କବେ ଚିନିତେ ପାରିନେ ତ୍ବାଦେବ । କେନନା, ଆମାଦେର ମନ ଭୌରୁ, ଅସ୍ଵଚ୍ଛ, ସଭାବ ଶିଥିଲ, ଅଭ୍ୟାସ ଦୁର୍ବଲ । ମନେତେ ମେହି ସହଜ ଶକ୍ତି ନେଇ ଯାତେ କବେ ମହିତିକେ ମୂର୍ଖ ବୁଝିତେ, ପାରି, ଗ୍ରହଣ କରିତେ ପାରି । ସାବେ ସାବେ ଏମନ ଘଟେଇ, ଯାରା ସକଳେବ ବଡ଼ୋ, ତ୍ବାଦେରଇ ସକଳେର ଚେଯେ ଦୂରେ ଦେଲେ ରେଖେଚି ।

ଯାରା ଜ୍ଞାନୀ, ଗୁଣୀ, କର୍ତ୍ତୋର ତପସ୍ତୀ, ତ୍ବାଦେର ବୋକା ସହଜ ନାହିଁ; କେନନା ଆମାଦେର ଜ୍ଞାନ ବୁଦ୍ଧି ସଂକ୍ଷାର ତ୍ବାଦେର ସଙ୍ଗେ ମେଲେ ନା । କିନ୍ତୁ ଏକଟା ଜିନିମ ବୁଝିତେ କଟିନ ଲାଗେ ନା, ମେଟା ଭାଲୋବାସା । ସେ ମହାପୁରୁଷ ଭାଲୋବାନାୟ ଆମରା ଏକରକମ

করে বুঝতে পারি। সেজন্তে ভারতবর্ষে এই এক আশ্চর্য্য ঘটনা ঘটল, যে, এবার বুঝেচি। এমনটি সচরাচর ঘটে না। যিনি আমাদের মধ্যে এসেচেন তিনি অত্যন্ত উচ্চ, অত্যন্ত মহৎ। তবু তাকে স্বীকার করেচি, তাকে জেনেচি। সকলে বুঝেচে, তিনি আমার। তাব ভালোবাসায় উচ্চনীচের ভেদ নেই, মূর্খ-বিদ্বানের ভেদ নেই, ধনী দরিদ্রের ভেদ নেই। তিনি বিতরণ কবেচেন সকলের মধ্যে সমানভাবে তাঁর ভালোবাস। তিনি বলেচেন, সকলের কল্যাণ হোক, সকলের মঙ্গল হোক। যা বলেচেন শুধু কথায় নয়, বলেচেন দুঃখের বেদনায়। কত পীড়া, কত অপমান তিনি সয়েচেন। তাঁর জীবনের ইতিহাস দুঃখের ইতিহাস। দুঃখ অপমান ভোগ কবেচেন কেবল ভারতবর্ষে নয়, দক্ষিণ আফ্রিকায় কত মার তাকে মৃত্যুর ধারে এনে ফেলেচে। তাঁর দুঃখ নিজের বিষয়-সুখের জন্যে নয়, স্বার্থের জন্যে নয়, সকলের ভালোর জন্যে। এই যে এত মার খেয়েচেন, উপে কিছু বলেন নি কখনো, রাগ করেন নি। সমস্ত আবাত মাথা পেতে নিয়েচেন। শক্ররা আশ্চর্য্য হয়ে গেছে দৈর্ঘ্য দেখে, মহস্ত দেখে। তাব সঙ্গে সিক্ক হল, কিন্তু জোর-জবরদস্তি নয়; ত্যাগের দ্বারা, দুঃখের দ্বারা, তপস্তার দ্বারা তিনি জয়ী হয়েচেন। সেই তিনি আজ ভারতবর্ষের দুঃখের বোঝা নিজের দুঃখের বেগে টেলবার জন্য দেখা দিয়েচেন।

তোমবা সকলে তাকে দেখেচি কি না জানি না। কারো কারো হয়তো তাকে দেখার সৌভাগ্য ঘটেচে। কিন্তু তাকে জানো সকুলেই, সমস্ত ভারতবর্ষ তাকে জানে। সবাই জানো, সমস্ত ভারতবর্ষ কী রকম করে তাকে ভক্তি দিয়েচে, একটি

ନାମ ଦିଯ়েବେ—ମହାତ୍ମା । ଆଶ୍ରମ୍ୟ, କେମନ କବେ ଚିନ୍ମଳେ । ମହାତ୍ମା ଅନେକକେଇ ବଲା ହୁଏ, ତାର କୋମୋ ମାନେ ନେଇ । କିନ୍ତୁ ଏହି ମହାପୁରୁଷଙ୍କେ ଯେ ମହାତ୍ମା ବଲା ହେବେ, ତାର ମାନେ ଆଛେ । ସ୍ଥାର ଆତ୍ମା ବଡ଼ୋ, ତିନିଇ ମହାତ୍ମା । ଯାଦେର ଆତ୍ମା ଛୋଟୋ, ବିଷୟେ ବନ୍ଧ, ଟାକାକଡ଼ି, ସବ ସଂସାରେର ଚିନ୍ତାଯ ଯାଦେଖ ମନ ଆଚଳ୍ଲ, ତାରା ଦୀନାତ୍ମା । ମହାତ୍ମା ତିନିଇ, ସକଳେର ସୁଖ ଦୁଃଖ ଯିନି ଆପନାର କବେ ନିଯେଚେନ, ସକଳେର ଭାଲୋକେ ଯିନି ଆପନାର ଭାଲୋ ବଲେ ଜାନେନ । କେନା, ସକଳେବ ହୃଦୟେ ତାର ସ୍ଥାନ, ତାର ହୃଦୟେ ସକଳେର ସ୍ଥାନ । ଆମାଦେବ ଶାନ୍ତ୍ରେ ଦେଖିଲକେ ବଲେ ମହାତ୍ମା, ମର୍ତ୍ତ୍ୟଲୋକେ ସେଇ ଦିବ୍ୟ ଭାଲୋବାସୀ, ସେଇ ପ୍ରେମେର ଐଶ୍ଵର୍ୟ ଦୈବାଂ ମେଲେ । ସେଇ ପ୍ରେମ ସ୍ଥାର ମଧ୍ୟେ ପ୍ରକାଶ ପେଯେବେ ତାଙ୍କେ ଆମବା ମୋଟେର ଉପର ଏହି ବଲେ ବୁଝେଚି ଯେ ତିନି ହୃଦୟ ଦିଯେ ସକଳକେ ଭାଲୋବେଶେଚେନ । କିନ୍ତୁ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ବୁଝିତେ ପାରି ନା, ଭାଲୋ କରେ ଚିନିତେ ଏକଟୁ ବାଧା ଲାଗେ । ବାକା ହୁଏ ଗେହେ ଆମାଦେବ ମନ । ସତ୍ୟକେ ସ୍ଵିକାର କରିତେ ଭୌରୂତା ଦ୍ଵିଧା ସଂଶୟ ଆମାଦେବ ଜାଗେ । ବିନା କ୍ଲେଶ ଯା ମାନିତେ ପାରି, ତାଇ ମାନି, କଟିନଟାକେ ସବିଯେ ବେଶେ ଦେଇ ଏକ ପାଶେ । ତାର ସକଳେର ଚେଯେ ବଡ଼ୋ ସତ୍ୟଟାକେ ନିତେ ପାରଲୁମ ନା । ଏତ୍କାନେଇ ତାଙ୍କେ ମାରଲୁମ । ତିନି ଏବେଚେନ, ଫିରେ ଗେଲେନ, ଶେଷପର୍ଯ୍ୟନ୍ତ ତାଙ୍କେ ନିତେ ପାରଲୁମ ନା ।

ସୃଷ୍ଟାନଶାସ୍ତ୍ରେ ପଡ଼େଚି, ଆଚାରନିଷ୍ଠ ଯିହଦିବା ଯୌନ୍ୟହିତିକେ ଶକ୍ତ ବଲେ ମେରେଛିଲ । କିନ୍ତୁ ମାର କି ଶୁଦ୍ଧ ଦେହେର ? ଯିନି ପ୍ରାଣ ଦିଯେ କଳ୍ପାଣେର ପଥ ଖୁଲେ ଦିତେ ଆମେନ ସେଇ ପଥକେ ବାଧାଗ୍ରହ କରା ମେଣ କି ମାର ନୟ ? ସକଳେର ଚେଯେ ବଡ଼ୋ ମାର ସେଇ । କୀ ଅମହ ବେଦନା ଅମୁଭବ କରେ ତିନି ଆଜିକେର ଦିନେ ମୃତ୍ୟୁ-ଅତ ଗ୍ରହଣ କରେଚେନ । ସେଇ ଅତକେ ଯଦି ଆମବା

শ্বীকার কবে না নিই, তবে কি তাকে আমরা মারলুম না ? আমাদের ছোটো মনের সঙ্কোচ, ভীরুতা আজ লজ্জা পাবে না ? আমরা কি তার সেই বেদনাকে মর্মের মধ্যে ঠিক জায়গায় অন্তর্ভব করতে পারব না ? গ্রহণ করতে পারব না তাব দান ? এত সঙ্কোচ, এত ভীরুতা আমাদের ? সে ভীরুতার দৃষ্টান্ত তো তার মধ্যে কোথাও নেই । সাহসের অস্ত নেই তার ; যত্যকে তিনি তুচ্ছ করেচেন । কঠিন কারাগার, তার সমস্ত লোহার শিকল নিয়ে তার ইচ্ছাকে ঠেকাতে পারে নি । সেই তিনি এসেচেন আজ আমাদের মাঝখানে । আমরা যদি ভয়ে পিছিয়ে পড়ি, তবে লজ্জা রাখবার ঠাই থাকবে না । তিনি আজ যত্য-ত্রুট গ্রহণ করেচেন, ছোটো-বড়োকে এক করবাব জন্যে । তার সেই সাহস, তার সেই শক্তি আশুক আমাদের বুদ্ধিতে, আমাদের কাজে । আমরা যেন আজ গলা ছেড়ে বলতে পাবি, তুমি যেয়ো না, আমরা গ্রহণ করলাম তোমার ত্রুট । তা যদি না পারি, এত বড়ো জীবনকে যদি ব্যর্থ হতে দিই, তবে তাব চেয়ে বড়ো সর্বনাশ আব কী হতে পারে ?

আমরা এই কথাই বলে থাকি, যে বিদেশীরা আমাদের শক্তি করচে । কিন্তু তার চেয়ে বড়ো শক্তি আছে আমাদের মজ্জাব মধ্যে, সে আমাদের ভীরুতা । সেই ভীরুতাকে জয় করাব জন্যে বিধাতা আমাদের জন্য শক্তি পাঠিয়ে দিয়েচেন তাব জীবনের মধ্য দিয়ে, তিনি আপন অভয় দিয়ে আমাদের ভয় হরণ করতে এসেচেন । সেই তাব দান-সুন্দর তাকে আজ কি আমরা ফিরিয়ে দেব ? এই কৌপীনধারী আমাদের দ্বারে দ্বারে আঘাত কবে ফিরেচেন, তিনি আমাদের সাবধান কবেচেন কোনখানে আমাদের বিপদ । মাঝুষ যেখানে

মানুষের অপমান করে মানুষের ভগবান সেইখানেই বিমুখ। শত শত বছর ধরে মানুষের প্রতি অপমানের বিষ আমরা বইয়ে দিয়েছি ভারতবর্ষের নাড়ীতে নাড়ীতে। হীনতার অসহ বোকা চাপিয়ে দিয়েছি শত শত নত মন্তকের উপরে, তারই ভাবে সমস্ত দেশ আজ ক্লান্ত দুর্বল। সেই পাপে সোজা হয়ে দাঢ়াতে পাবচিনে। আমাদের চলবার রাস্তায় পদে পদে পঙ্ককুণ্ড তৈরি করে রেখেছি,—আমাদের সৌভাগ্যের আনেকখানি তলিয়ে যাচ্ছে তারই মধ্যে। এক ভাই আব এক ভাইয়ের কপালে শ্বহন্তে কলঙ্ক লেপে দিয়েছে, মহাত্মা সইতে পারেন নি এই পাপ।

সমস্ত অনুভবের দিয়ে শোনো তাঁর বাণী। অনুভব করো, কী প্রচণ্ড তাঁর সঙ্কল্পের জোর। আজ তপস্বী উপবাস আবশ্য করেচেন, দিনের পর দিন তিনি অন্ন নেবেন না। তোমরা দেবে না তাঁকে অন্ন ? তাঁর বাণীকে গ্রহণ করাই তাঁর অন্ন, তাই দিয়ে তাঁকে বাঁচাতে হবে। অপরাধ অনেক করেছি, পাপ পুঁজীভূত হয়ে উঠেছে। ভাইয়ের সঙ্গে ব্যবহার করেছি দাসের মতো, পশুর মতো। সেই অপমানে সমস্ত পৃথিবীর কাছে ছোটো করে বেথেছে আমাদের। যদি তাদের প্রাপ্তি সম্মান দিতাম তা হলে আজ এত দুর্গতি হত না আমাদের। পৃথিবীর অন্য সব সমাজকে লোকে সম্মান করে, ভয় করে, কেননা তারা পরম্পর ক্রিয়বন্ধনে বদ্ধ। আমাদের এই হিন্দুসমাজকে আঘাত করতে অপমান করতে কারো মনে ভয় নেই বার বার তার প্রমাণ পাই। কিসেব জোরে তাদের এই স্পর্শী সে কথাটা যেন এক মুহূর্ত না ছলি।

যে সম্মান মহাত্মার স্বাইকে দিতে চেয়েচেন, সে সম্মান আমরা সকলকে দেবে। যে পারবে না দিতে ধিক্ক তাকে।

ভাইকে ভাই বলে গ্রহণ করতে বাধা দেয় যে সমাজ, ধিক্ক  
মেই জীর্ণ সমাজকে। সব চেয়ে বড়ো ভৌরূতা তখনই প্রকাশ  
পায় যখন সত্যকে চিন্তে পেরেও মান্তে পারিনে। সে  
ভৌরূতার ক্ষমা নেই।

অভিশাপ অনেকদিন থেকে আছে দেশের উপর।  
সেইজন্যে প্রায়শিক্তি করতে বসেচেন একজন। সেই  
প্রায়শিক্তি সকলকে মিলতে হবে, সেই মিলনেই আমাদের  
চিব-মিলন শুরু হবে। মৃত্যুর বৃহৎ পাত্রে তাঁর প্রায়শিক্তি  
তিনি আমাদের সকলের সামনে ধরলেন, এগিয়ে দিলেন  
আমাদের হাতের কাছে। গ্রহণ করো সকলে, ক্ষালন করো  
পাপ। মঙ্গল হবে। তাঁর শেষ কথা আজ আমি তোমাদের  
শোনাতে এসেচি। তিনি দূরে আছেন, কিন্তু তিনি দূরে  
নেই। তিনি আমাদের অস্তুবেষ্ট আছেন। যদি জীবন দিতে  
হয় তাঁকে আমাদের জন্যে, তবে অস্ত থাকলে না পরিতাপের।

মাথা হেঁট হয়ে যাবে আমাদের। তিনি আমাদের  
কাছে যা চেয়েচেন, তা ছুঁকাশ, ছঃসাধ্য অত। কিন্তু তাব  
চেয়ে ছঃসাধ্য কাজ তিনি করেচেন, তাব চেয়ে কঠিন অত  
তার। সাহসেব সঙ্গে যেন গ্রহণ করতে পাবি তাঁর দেওয়া  
অত। যাকে আমরা ভয় করচি, সে কিছুই নয়। সে মায়া,  
মিথ্যা। সে সত্য নয়; মানব না আমরা তাকে। বলো  
আজ সন্তাই মিলে, আমরা মানব না সেই মিথ্যাকে। বলো  
আজ সমস্ত হৃদয় দিয়ে বলো, ভয় কিমেব? তিনি সমস্ত ভয়  
চরণ করে বসে আছেন। মৃত্যু-ভয়কে ভয় করেচেন। কোনো  
ভয় যেন আজ থাকে না আমাদের। শোকভয়, বাজভয়,  
সমাজ-ভয় কিছুতেই যেন সন্তুষ্টি না হই আমরা। তাব পথে  
তাঁরই অনুবন্ধীয়ে চলব, পরাভুর ঘটতে দেব না হাঁর। সমস্ত

পৃথিবী আজ তাকিয়ে আছে, যাদের মনে দরদ নেই তারা  
উপহাস করচে । এত বড়ো ব্যাপারটা সত্যই উপহাসের বিষয়  
হবে যদি আমাদের উপরে কোনো ফল না হয় । সমস্ত পৃথিবী  
আজ বিশ্বিত হবে যদি তাঁর শক্তির আক্ষন আমাদের সকলের  
মনের মধ্যে জলে ওঠে, যদি সবাই বলতে পাবি, জয় হোক  
তপস্বী, তোমার তপস্তা সার্থক হোক । এই জয়ধ্বনি সমুদ্রের  
এক পার থেকে পৌছবে আর এক পারে, সকলে বলবে,  
সত্যের বাণী অমোঘ, ধন্য হবে ভাবতবর্ষ । আজকের দিনেও  
এত বড়ো সার্থকতায় যে বাঁধা দেবে সে অত্যন্ত হেয়, তাকে  
তোমরা ভয়ে যদি মানো তবে তাৰ চেয়ে হেয় হবে তোমরা ।

জয় হোক সেই তপস্বীর যিনি এই মুহূর্তে বসে আছেন  
মৃত্যুকে সামনে নিয়ে, ভগবানকে অন্তরে বসিয়ে, সমস্ত  
হৃদয়ের প্রেমকে উজ্জল করে আলিয়ে । তোমরা জয়ধ্বনি কবো  
তাঁর, তোমাদের কর্তৃত্বের পৌছক তাঁর আসনের কাছে, বলো  
তোমাকে গ্রহণ করলেম, তোমার সত্যকে স্বীকার করলেম ।

আমি কীইবা বলতে পাবি । আমার ভাষায় জোব  
কোথায় ? তিনি যে ভাষায় বলচেন সে কানে শোনবার  
নয়, সে প্রাণে শোনবার, মাঝুষের সেই চরম ভাষা, নিশ্চয়ই  
তোমাদের অন্তরে পৌছেচে ।

আমাদের সকলের চেয়ে বড়ো সৌভাগ্য, পর যখন  
আপন হয় । সকলের চেয়ে বড়ো বিপদ, আপন যখন পর  
হয় । ইচ্ছে করেই যাদের আমরা হারিয়েচি ইচ্ছে করেই  
আজ তাদের ফিরে ডাকো,—অপরাধের অবসান হোক,  
অনঙ্গল দূর হয়ে যাক । মাঝুষকে গৌরব দান করে মহুষাদের  
সাগীরব অধিকার লাভ করি ।

# ପୁଣା ଭଗବନ ॥

ବୀଜ୍ଞାନିକ ପାଠ୍ୟ

ଗଭୀର ଉଦ୍ବେଗେର ମଧ୍ୟେ ମନେ ଆଶା ନିଯେ ପୁଣା ଅଭିମୁଖେ  
ଯାତ୍ରା କରିଲେମ । ଦୀର୍ଘପଥ, ସେତେ ସେତେ ଆଶକ୍ତା ବେଡ଼େ ଓଠେ,  
ପୌଛେ କୀ ଦେଖା ଯାବେ । ବଡ଼ୋ ଷ୍ଟେଶନେ ଏଲେଇ ଆମାର ମନ୍ଦୀ  
ହୁଜନ୍ତେ ଥବରେର କାଗଜ କିନେ ଦେନ—ଉତ୍କଟିତ ହୟେ ପଡ଼େ  
ଦେଖି । ଶୁଖବର ନଯ । ଡାକ୍ତାରେରା ବଲ୍ଚେ ମହାଆୟିର ଶରୀବେର  
ଅବସ୍ଥା danger zone-ରେ ପୌଛେଚେ । ଦେହେତେ ମେଦ ବା  
ମାଂସର ଉତ୍ସୁକ ଏମନ ନେଇ ଯେ ଦୀର୍ଘକାଲେର କ୍ଷୟ ମହା ହୟ,  
ଅବଶେଷେ ମାଂସପେଶୀ କ୍ଷୟ ହାତେ ଆବସ୍ଥା କରେଚେ । Apoplexy  
ହୟେ ଅକ୍ଷ୍ୟାଂ ପ୍ରାଣହାନି ସ୍ଟଟ୍ଟେ ପାବେ । ସେଇ ସନ୍ଦେ କାଗଜେ  
ଦେଖି ଦିନେର ପର ଦିନ ଦୀର୍ଘକାଲ ଧରେ ଜାଟିଲ ମମନ୍ତା ନିଯେ  
ତାକେ ସପନ୍ଦ ପ୍ରତିପକ୍ଷେବ ସନ୍ଦେ ଗୁରୁତର ଆଲୋଚନା ଚାଲାତେ  
ହେବେ । ଶେଷ ପର୍ଯ୍ୟନ୍ତ ହିନ୍ଦୁମାଜେବ ଅନ୍ତର୍ଗତ ରୂପେଇ ଅଛୁମତ  
ସମାଜକେ ରାଷ୍ଟ୍ରନୈତିକ ବିଶେଷ ଅଧିକାର ଦେଓୟା ବିଷୟେ ତୁଇ  
ପକ୍ଷକେ ତିନି ବାଜି କରେଚେ । ଦେହେର ମମନ୍ତ ଯତ୍ରଣା  
ଦ୍ୱରବିଲତାକେ ଜୟ କବେ ତିନି ଅସାଧ୍ୟ ସାଧନ କରେଚେ, ଏଥନ  
ବିଲେତ ହାତେ ଏହି ବ୍ୟବସ୍ଥା ମଞ୍ଜୁବ ହତ୍ୟାର ଉପର ସବ ନିର୍ଭର  
କବଚେ । ମଞ୍ଜୁବ ନା ହତ୍ୟାର କୋନେ ସନ୍ଦତ କାରଣ ଥାକିତେ  
ପାରେ ନା, କେନନା ପ୍ରଧାନ ମନ୍ତ୍ରୀର କଥାଇ ଛିଲ ଅଛୁମତ ସମାଜେର

\* ପୁଣା ହିତେ ପ୍ରତ୍ୟାବର୍ତ୍ତନେବ ପର ଆଶ୍ରମବାସୀଗଣେବ ନିର୍କଟ ବନ୍ଧିତ ।  
ତୁଇ ଆଖିନ ବୀଜ୍ଞାନିକ ବର୍ଦ୍ଧମାନ ହିତେ ବୋଥାଇ ମେଲେ ଶ୍ରୀମତ ଶ୍ରେଷ୍ଠନାଥ  
କର ଓ ଅମ୍ବିଯଚନ୍ଦ୍ର ଚନ୍ଦ୍ରବର୍ତ୍ତୀର ସହିତ ପୁଣା ଯାତ୍ରା କରେନ ।

সঙ্গে একযোগে হিন্দুরা যে ব্যবস্থা মেনে নেবে তাকে তিনিও  
স্বীকার করতে বাধ্য ।

আশানৈরাশ্যে আন্দোলিত হয়ে ২৬শে সেপ্টেম্বর প্রাতে  
আমরা কল্যাণ ছাইনে পৌছলেম। সেখানে ক্রীমতী বাসন্তী  
ও ক্রীমতী উর্মিলাৰ সঙ্গে দেখা হল। তাঁৰা অন্য গাড়িতে  
কলকাতা থেকে কিছু পূৰ্বে এসে পৌছেচেন। কাল বিলহ  
না কৰে আমাদেৱ ভাবী গৃহস্থামিনীৰ প্ৰেৰিত মোটৱগাড়িতে  
চড়ে পুণাৰ পথে চললেম।

পুণাৰ পাৰ্বত্য পথ রমণীয়। পুবদ্বাৰে যখন পৌছলেম,  
তখন সামৰিক অভ্যাসেৰ পালা চলচে—অনেকগুলি  
armoured car, machine gun এবং পথে পথে সৈন্যদলেৱ  
কুচকাণ্ডয়াজ চোখে পড়ল। অবশ্যে শ্ৰীযুক্ত বিঠলভাই  
থ্যাকাৰসে মহাশয়েৱ প্ৰাসাদে গাড়ি থামল। তাঁৰ বিধবা  
পত্ৰী সৌম্যমহান্ত মুখে আমাদেৱ অভ্যৰ্থনা কৰে নিয়ে  
চললেন। সিঁড়িৰ ছপাশে দাঁড়িয়ে তাঁৰ বিছালয়েৱ ছাত্ৰীৱ  
গান কৰে অভিনন্দন জানালেন।

গৃহে প্ৰবেশ কৰেই বুখেছিলেম গভীৰ, একটি আশঙ্কায়  
হাওয়া ভাৰাক্রান্ত। সকলেৰ মুখেই দুশ্চিহ্নৰ ছায়া।  
প্ৰশ্ন কৰে জানলেম মহাদ্বাজিৰ শ্ৰীবেৱ অবস্থা সন্দৰ্ভাপয়।  
বিলাত হতে তখনও থধৰ আসেনি। প্ৰধান মন্ত্ৰীৰ নামে  
আমি একটি জুকুৰী তাৰ পাঠিয়ে দিলেম।

দৱকাৰ ছিল না পাঠাবাৰ। শীঁত্ৰই জনৱন কানে এল,  
বিলাত থেকে সন্মতি এসেচে। কিন্তু জনৱন সন্তা কিনা তাৰ  
প্ৰমাণ পাওয়া গৱেষণাপ্ৰটা নৰে।

মহাদ্বাজিৰ মৌনামুহুমেৰ দিন আছ। একটাৰ পথে  
কথা বল্বেন। তাঁৰ ইচ্ছা দেই সময়ে আমি কাজে থাবি।

পথে যেতে যারবেদা জেলের খানিক দূরে আমাদের গোটোর গাড়ি আটকা পড়ল—ইংরেজ সৈনিক বললে কোনো গাড়ি এগোতে দেবার ছক্কুন নেই। আজকের দিনে জেলখানায় প্রবেশের পথ ভারতবর্ষে প্রশস্ত বলেই তো জানি। গাড়ির চতুর্দিকে নানালোকের ভিড় জমে উঠল।

আমাদের পক্ষ হতে লোক জেলের কর্তৃপক্ষের কাছে অনুমতি নিতে খানিক এগিয়ে যেতেই শ্রীমান দেবদাস এসে উপস্থিত—জেল-প্রবেশের ছাড়পত্র তাঁর হাতে। পরে শুনলেম মহাআজি তাঁকে পাঠিয়েছিলেন। কেননা তাঁর ইঠাঁৎ মনে হয় পুলিশ কোথাও আমাদের গাড়ি আটকেচে, যদিও তার কোনো সংবাদ তাঁর জানা ছিল না।

লোহার দরজা একটার পর একটা খুলল, আবার বন্ধ হয়ে গেল। সামনে দেখা যায় উচু দেয়ালের ওপরত্য, বন্দী আকাশ, সোজা লাইন-করা বাঁধা রাস্তা, ছটো চারটে গাছ।

ছটো জিনিষের অভিজ্ঞতা আমার জীবনে বিলম্বে ঘটেচে। বিশ্ববিদ্যালয়ের গেট পেরিয়ে চুকেচি সম্পত্তি। জেলখানায় প্রবেশে আজ বাধা ঘটলেও অবশ্যে এসে পৌছন গেল।

বাঁ দিকে সিঁড়ি উঠে দুজা পেরিয়ে দেয়ালে-ঘেরা একটি অঙ্গনে প্রবেশ করলেম। দুবে দূরে ছ-সারি ঘর। অঙ্গনে একটি ছোটো আমগাছের ঘনছায়ায় মহাআজি শয্যাশায়ী।

মহাআজি আমাকে ছই হাতে বুকেব কাছে টেনে নিলেন—অনেকক্ষণ রাখলেন। বললেন, কত আনন্দ হল।

শুভ সংবাদের জোয়ার বেয়ে এসেচি এজন্তে আমার ভাগ্যেব প্রশংসা করলেম তাঁর কাছে। তখন বেলা দেড়টা।

বিলাতের খবর ভারতময় রাষ্ট্র হয়ে গেছে—রাজনৈতিকের দল তখন সিমলায় দলিল নিয়ে প্রকাশ্য সভায় আলোচনা করছিলেন পরে শুনলেম। খবরের কাগজওয়ালারাও জেনেচে। কেবল যার প্রাণের ধারা প্রতি মুহূর্তে শীর্ষ হয়ে যুত্ত্যসীমায় সংলগ্নপ্রায় তাঁর প্রাণসন্ধি-মোচনের যথেষ্ট সত্ত্বতা নেই। অতি দীর্ঘ লাল ফিতের জটিল নির্মতায় বিশ্বয় অনুভব করলেম। সওয়া চারটে পর্যন্ত উৎকৃষ্ট প্রতিক্রিয়া বেড়ে চলতে লাগল। শুনতে পাই দশটার সময় খবর পুণ্য এসেছিল।

চতুর্দিকে বন্ধুরা রয়েচেন। মহাদেব, বন্ধুভাই, রাজগোপালাচারী, রাজেন্দ্রপ্রসাদ এন্দের লক্ষ্য করলেম। ত্রীমতী কন্তুরীবাটী এবং সরোজিনীকে দেখলেম। জওহর-লালের পঞ্জী কমলাও ছিলেন।

মহাআজির স্বভাবতঃই শীর্ষ শরীর শীর্ষতম, কষ্টস্বর প্রায় শোনা যায় না। জঠরে অম্ব জমে উঠেচে তাই মধ্যে মধ্যে সোজা মিশিয়ে জল খাওয়ানো হচ্ছে। ডাক্তারদের দায়িত্ব অতিমাত্রায় পৌছেচে।

অথচ চিকিৎসকের কিছুমাত্র হ্রাস হয়নি। চিন্তার ধারা প্রবহমান, চৈতন্য অপরিশ্রান্ত। প্রায়োপবেশনের পূর্ব হতেই কত দুর্কাহ ভাবনা, কত জটিল আলোচনায় তাঁকে নিয়ন্ত্রণ ব্যাপৃত হতে হয়েচে। সমুজ্পারেব রাজনৈতিকদের সঙ্গে পত্রব্যবহারে মনের উপর কঠোর ঘাট-প্রতিঘাত চলেচে। উপবাসকালে নানান দলের প্রবল দাবী তাঁর অবস্থার প্রতি মমতা করে নি, তা সকলেই জানেন। কিন্তু মানসিক ভীরুত্তার কোনো চিহ্নই তো নেই। তাঁর চিন্তার স্বাভাবিক যজ্ঞ প্রকাশধারায় আবিষ্ট দাটেনি। শরীরের স্বচ্ছ সাধনের

অবশ্যে জেলের কর্তৃপক্ষ গবর্নমেন্টের ছাপ-মারা মোড়ক হাতে উপস্থিত হলেন। তাঁর মুখেও আনন্দের আভাস পেলুম। মহাআজি গন্তীরভাবে ধীরে ধীরে পড়তে লাগলেন। সরোজিনীকে বললেম, এখন ওর চার পাশ থেকে সকলের সরে যাওয়া উচিত। মহাআজি পড়া শেষ করে বন্ধুদেব ডাকলেন। শুনলেম তিনি তাঁদের আলোচনা করে দেখতে বললেন এবং নিজের তরফ থেকে জানালেন কাগজটা ডাক্তার আহ্বেদকরকে দেখানো দরকাব, তাঁব সমর্থন পেলে তবেই তিনি নিশ্চিন্ত হবেন।

বন্ধুরা একপাশে দাঁড়িয়ে চিঠিখানি পড়লেন। আমাকেও দেখালেন। রাষ্ট্র-বুদ্ধিব রচনা, সাবধানে লিখিত সাবধানেই পড়তে হয়। বুৰুলেম, মহাআজির অভিপ্রায়ের বিরুদ্ধ নয়। পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জকুব পবে ভাব দেওয়া হল চিঠিখানার বক্তব্য বিশ্লেষণ করে মহাআজিকে শোনাবেন। তাঁর প্রাঞ্জল ব্যাখ্যায় মহাআজির মনে আর কোনো সংশয় রইল না। প্রায়োপবেশনের অত উদ্যোগন হল।

প্রাচীরের কাছে ছায়ায় মহাআজিব শয়া সরিয়ে আনা হল। চতুর্দিকে জেলের কম্বল বিছিয়ে সকলে বসলেন। লেবুর রস প্রস্তুত করলেন শ্রীমতী কমলা নেহেরু। Inspector General of Prisons—যিনি গবর্নমেন্টের পত্র নিয়ে এসেচেন—অমুরোধ করলেন রস যেন মহাআজিকে দেন শ্রীমতী কন্তীবাই নিজের হাতে। মহাদেব বললেন—“জীবন যখন শুকায় যায় করুণা ধাবায় এসো”—এট শীতাঞ্জলির গান্তি মহাআজির প্রিয়। শুব ভুলে গিয়ে-ছিলেম। তখনকাব মতো শুব দিয়ে গাইতে তল। পণ্ডিত শ্বামধানী বেন পাঠ করলেন। তারপর মহাআজি শ্রীমতী

কল্পরীবাইয়ের হাত হতে ধৌবে ধৌবে লেবুর রস পান করলেন। পরিশেষে সবরমতী আশ্রমবাসীগণ এবং সমবেত সকলে “বৈঝব জন কো” গানটি গাইলেন। ফল ও মিষ্টান্ন দিতবণ হল—সকলে গ্রহণ করলেম।

জেলের অবরোধের ভিতর মহোৎসব। এমন ব্যাপার আর কখনো ঘটেনি। প্রাণোৎসর্গের যজ্ঞ হল জেলখানায়, তার সফলতা এইখানেই রূপ ধারণ করলে। মিলনের এই অক্ষয়াৎ আবিভূত অপরূপ মূর্তি একে বলতে পাবি যজ্ঞসন্তুষ্ট।

রাত্রে পশ্চিত দুদয়নাথ কুঞ্জের প্রমুখ পুণ্যার সমবেত বিশিষ্ট নেতারা এসে আমাকে ধরলেন, পরদিন মহাআজির বার্ধিকী উৎসবসভায় আমাকে সভাপতি হতে হবে, মালব্যজীও বোঝাই হতে আসবেন। মালব্যজীকেই সভাপতি করে, আমি সামাজ্য দুচাব কথা লিখে পড়ব এই প্রস্তাব করলেম। শব্দীরের দুর্বলতাকেও অস্বীকার করে শুভদিনের এই বিবাট জনসভায় ঘোগ দিতে রাজি না হয়ে পাবলেম না।

বিকালে শিবাজি মন্দির নামক বৃহৎ মুক্ত অঙ্গনে বিরাট জনসভা। অতি কষ্টে ভিতরে প্রবেশ করলেম। ভাবলেম অভিমন্ত্যুর মতো প্রবেশ তো হোলো, বেরোবার কী উপায়। মালব্যজী উপক্রমণিকায় স্থূলের করে বোঝালেন তাঁর বিশুদ্ধ হিন্দী ভাষায়, যে অস্পৃশ্যবিচার হিন্দুশাস্ত্রসম্মত নয়। বহু সংস্কৃত শ্লোক আবৃত্তি করে তাঁর যুক্তি প্রমাণ করলেন। আমার কষ্ট ক্ষীণ, সাধ্য নেই এত বড়ো সভায় আমার বক্তব্য শ্রতিগোচর করতে পাবি। মুখে মুখে দুচারটি কথা বললেম, পবে রচনা পাঠ করবার ভাব নিলেন পশ্চিতজীর পুত্র গোবিন্দ মালব্য। ক্ষীণ অপরাহ্নেব আলোকে অদৃষ্টপূর্ব

বিচন। অনর্গল অমন সুস্পষ্টকর্ত্তা পড়ে গেলেন এতে বিশ্বিত হলেন।

আমার সমগ্র রচনা কাগজে আপনারা দেখে থাকবেন। সভায় প্রবেশ করবার অন্তিপূর্বে তার পাত্রলিপি জেলে গিয়ে মহাআজির হাতে দিয়ে এসেছিলেন।

মতিলাল মেহেরুর পত্নী কিছু বললেন তার ভাতা-ভগিনীদের উদ্দেশ করে, সামাজিক সাম্যবিধানের ব্রত-বক্ষায় তাঁদের যেন একটুও ক্ষতি না ঘটে। শ্রীযুক্ত রাজ-গোপালাচারী, রাজেন্দ্র প্রসাদ অমুখ অন্তান্ত নেতারাও অন্তরেব ব্যথা দিয়ে দেশবাসীকে সামাজিক অঙ্গটি দূর করতে আবাহন করলেন। সভায় সমবেত বিরাট জনসংঘ হাত তুলে অস্পৃশ্যতা নিবারণের প্রতিশ্রুতি গ্রহণ করলেন। বোঝা গেল সকলের মনে আজকের বাণী পৌঁছেচে। কিছুদিন পূর্বেও এমন দুর্জন সঙ্গে এত সহস্রলোকের অন্তর্মোদন সম্ভব ছিল না।

আমার পালা শেষ হোলো। পরদিন প্রাতে মহাআজির কাছে অনেকক্ষণ ছিলেন তাঁর সঙ্গে এবং মালব্যভীর সঙ্গে দীর্ঘকাল নানাবিষয়ে আলোচনা হোলো। একদিনেই মহাআজি অপ্রত্যাশিত দল লাভ করেছেন, কষ্টস্বর তাঁর দৃঢ়তর, blood pressure প্রায় স্বাভাবিক। অতিথি অভ্যাগত অনেকেই আসছেন প্রণাম করে আনন্দ জানিয়ে যেতে। সকালের সঙ্গেই হেসে কথা কইচেন। শিশুর দল ফুল নিয়ে আসচে, তাদের নিয়ে তাঁর কৌ আনন্দ। বন্ধুদের সঙ্গে সামাজিক সামাবিধান প্রসঙ্গে নানাবিধ আলোচনা চলচে। এখন তাঁর প্রধান চিহ্ন বিষয় হিন্দুমুসলমানের বিরোধ ভূমন।

আজ যে মহাঘাঁর জীবন আমাদের কাছে বিরাট ভূমিকায় উজ্জল হয়ে দেখা দিল, তাতে সর্বমানুষের মধ্যে মহামানুষকে প্রত্যক্ষ করবার প্রেরণা আছে। সেই প্রেরণা সার্থক হোক ভারতবর্ষের সর্বত্র।

মুক্তি-সাধনার সত্য পথ মানুষের একমাধ্যনায়। রাষ্ট্রিক পরাধীনতা আমাদের সামাজিক সহস্র ভেদবিচ্ছেদকে অবলম্বন করেই পুষ্ট।

ভড়প্রথার সমস্ত বন্ধন ছিন্ন করে দিয়ে উদার ঐক্যের পথে মানবসভ্যতা অগ্রসর হবে সেই দিন আজ সমাগত।



## **APPENDIX**



# সংক্ষিপ্ত সম্বিতি

## সর্বজনীন নিবেদন

### অঙ্গলাচলন

#### বেদমন্ত্র

য একোহবর্ণে। বহুধা শক্তিযোগাদ্  
বর্ণান् অনেকান্ নিহিতার্থে। দধাতি ।  
বিচৈতি চাস্তে বিশ্বমাদৌ স দেবঃ

স নো বুদ্ধ্য। শুভয়। সংযুনক্তু।—শ্বেতাশ্বতর, ৪, ১।

বঙ্গাহুবাদঃ—যিনি এক, যাঁর কোনো বর্ণ নেই, যিনি  
নানা শক্তিযোগে নানা বর্ণের মাঝের নিজ নিজ প্রয়োজন  
বিধান করেন। যিনি সমস্ত কিছুব আদিতেও আছেন  
অস্তেও আছেন, তিনি আমাদেব দেবতা। তিনি আমাদেব  
সকলকে শুভবুদ্ধির দ্বারা সংযুক্ত করুন।

#### আঙ্গলা চাই

বহুকাল ধরিয়া আমাদের দেশ পরাভবের পথে  
চলিয়াছে। আমাদের সমাজে ভিন্ন ভিন্ন শ্রেণীর মধ্যে  
পরম্পর ব্যবহারে উপেক্ষা ও অসম্মান এই সাংঘাতিক  
চৰ্গতির কারণ। এইজন্তই মহাদ্বাৰা গান্ধী মৃত্যু পণ করিয়া  
তপস্যায় বসিয়াছেন। সমস্ত দেশবাসীরও প্রাণপণ করিয়া  
এই অপরাধ দূৰ কৰিবার চেষ্টা কৰা উচিত।

এখন অবিলম্বে আমাদের এই কয়টি খত গ্রহণ করিতে হইবে—

১। কাহাকেও আমরা সামাজিকভাবে হীন মনে কবিব না, বা অস্পৃশ্য করিয়া রাখিব না। সকল জাতিকেই আমাদের জল-চল করিয়া লইতে হইবে।

২। সাধাৰণেৰ মন্দিৰ, পূজাৰ স্থান ও জলাশয় সকলেৰ জন্যই সমানভাবে উন্মুক্ত হইবে।

৩। বিদ্যালয়, তীর্থক্ষেত্ৰ, সভাসমিতি প্রভৃতিতে কোথাও কাহারও আসিবার কোনো বাধা থাকিবে না।

৪। কাহারও জাতি লক্ষ্য করিয়া আত্মসম্মানে আঘাত দিবার অন্তায় ব্যবস্থা সমাজে থাকিতে দিব না।

### আমাদেৱ কাজ

হিন্দুসমাজ হইতে অস্পৃশ্যতা দূৰ কৰা, দুর্গতদেৱ মধ্যে শিক্ষাবিস্তাৰ, পৰম্পৰ শৰ্কাৰ দ্বাৰা সৰ্বশ্ৰেণীৰ মধ্যে সামাজিক সমৃদ্ধকে সত্য কৰা, জনসাধাৰণেৰ মধ্যে আয়োধ্যা ও আয়ু-শক্তি উন্নোধন কৰাৰ উদ্দেশে বিশ্বভাৱতী, শ্ৰীনিকেতন পল্লীসেৱাৰিভাগেৰ ভিতৰ দিয়া বহুদিন যাবৎ কাজ কৰিয়া আসিতেছে। এখন হইতে এই কাজকে আৱো ব্যাপক এবং শক্তিশালী কৰিবার জন্য নিম্নলিখিত ব্যক্তিগণেৰ দ্বাৰা গঠিত একটি কেন্দ্ৰীয় সভাকৰ পরিচালনায় বিশ্বভাৱতীতে সংস্কার সমিতি স্থাপিত হইল।

### কেন্দ্ৰীয় সভাকৰ সদস্য

বিশ্বভাৱতী কৰ্মসচিব।

শ্ৰীনিকেতন সচিব।

শ্ৰীনেপালচন্দ্ৰ রায়।

শ্রীজগদানন্দ রায় ।

শ্রীজিতেন্দ্রনাথ চক্রবর্তী ।

শ্রীধৌরানন্দ বায় ।

শ্রীকালীমোহন ঘোষ—সম্পাদক ।

শ্রীমুধীরচন্দ্র কর—সহঃ সম্পাদক ।

এতদুদ্দেশ্যে অর্থ ইত্যাদি যাবতৌয় সাহায্য বিশ্ব-  
ভারতী কর্মসংকলনের নিকট সংগৃহীত থাকিবে।  
সংস্কার সমিতির কেন্দ্রীয় সভার ব্যবস্থামতো তিনি তাহা  
ব্যবহার করিবেন।

সংস্কার সমিতির কার্য্যধারা মোটামুটি এইরূপ :—

### ২। প্লানসেন্টা ।

(ক) কেন্দ্রীয় সভার অধীনে স্ববিধামতো অন্ত্যান্ত  
স্থানেও কয়েকটি গ্রাম লইয়া এক একটি শাখা-কেন্দ্র স্থাপন  
করা হইবে।

(খ) ঐ শাখা-কেন্দ্র হইতে পাবিপার্শ্বিক গ্রামসমূহে  
সংস্কার সমিতি গড়া এবং তাহাব অধীনে হরিসভা স্থাপন  
করিয়া তাহাতে সপ্তাহের নির্ধারিত দিনে কীর্তন, পাঠ,  
কথকতা এবং সংবাদপত্র হইতে দেশের ও তৎপ্রসঙ্গে নিজ  
গ্রামের অবস্থা পর্যালোচনা। মাঝে মাঝে উৎসব উপলক্ষ্যে  
সর্বজনীন ভোজের আয়োজন। ঐ সঙ্গে দুর্গতদের ঘনিষ্ঠ  
সহযোগে, তাহাদেরই সেবার প্রতি বিশেষ দৃষ্টি বাধিয়া, গ্রামে  
দিবা ও নৈশবিগ্নালয়, গ্রন্থাগার, স্বাস্থ্য ও সেবা-সমিতি,  
ব্রতীদল, শালিশী-পঞ্চায়েট, সমবায়-সমিতি পরিচালনা, মুষ্টি-  
ভিক্ষাসংগ্রহ, আবাস পরিকল্পন এবং রাস্তাঘাট সংস্কার।

### ৩। আবাসিক শিক্ষা ।

বিনা দক্ষিণায় শাস্তিনিকেতন ও শ্রীনিকেতনে দুর্গতদের

ছেলে রাখিয়া অন্তর্ভুক্ত ছাত্রদের সহিত সমভাবে শিক্ষা দিয়া।  
তাহাদের মধ্য হইতেই সমিতির ভাবী কর্মী ও কেন্দ্র-  
পরিচালক তৈরী করা। এই আবাসিক শিক্ষাশ্রমের ছাত্রগণ  
প্রথম হইতেই যাহাতে আয়করী বৃক্ষ শিখিয়া, কাজ করিয়া  
নিজেদের ব্যয় নিজেরা বহন করে এবং ভবিষ্যতেও উপর্যুক্ত  
হয়, সেই ব্যবস্থায় তাহাদিগকে আশ্রমে গ্রহণ করা হইবে।

## ୩। ବ୍ୟାପକଭାବେର ଅଚାର ଏବଂ ସଂସ-ସଂଗଠନ ।

হিন্দুসমাজের বিভিন্ন কেন্দ্রে এবং সমাজের বিভিন্ন  
শ্রেণীর মধ্যে সভা সম্মেলনের অনুষ্ঠান। ম্যাজিক ল্যান্টার্ন  
সাহায্যে জনসভায় বক্তৃতা। পাতি, বিজ্ঞাপন, পুস্তকপুস্তিকা  
এবং সন্তুষ্টিভূতা পত্রিকাদি প্রকাশ ও প্রচার। প্রচার কার্যে  
পরিভ্রমণের সঙ্গে সঙ্গে নানাস্থানে সংস্কার সমিতির শাখা  
স্থাপন। তদ্বারা স্থায়ীভাবে অস্পৃশ্যতা-পবিহার ও শিক্ষার  
প্রসারে দুর্গতিদের সামাজিক অধিকার বৃদ্ধির প্রচেষ্টা। দুর্গত-  
দের সামাজিক, আর্থিক ও শিক্ষাসম্বন্ধীয় উন্নতির পথে যে  
— ক্ষেত্রায় আছে তাহার প্রতিকার।

সকল অনুরায় আছে তাহার প্রাতিকার।  
আমরা দেশবাসীদিগকে অস্পৃশ্যতা দূর করিবার জন্য  
দেশের সর্বত্র এইরূপ স্থায়ীকাজের অনুষ্ঠান গড়িতে আহ্বান  
করিতেছি। দেশহিতেবী কর্মসূচিতেই এই উদ্দেশ্য সাধনে  
তৎপর হইয়া অবিলম্বে কাজে অগ্রসর হইবেন, টহাট  
আমাদের সন্নির্বক অনুরোধ। কে কী ভাবে কোথায় কাট  
করিতেছেন, টহা জানিতে পারিলে আমরা অত্যন্ত উপকৃত  
ও আনন্দিত হইব। আশা করি প্রয়োজনমতো, সম্পাদক,  
সংস্থার সমিতি, শ্রান্তিকেতন, পো: স্কুলস. ডিঃ দীর্ঘন—এই

ঠিকানায় সকলে পত্রাদি ব্যবহার করিবেন এবং এই কাজে  
কেহ কিছু অর্থ সাহায্য করিতে চাহিলে, কর্মসচিব, বিশ্বভারতী,  
পো: শাস্ত্রনিকেতন, জিঃ বীরভূম—এই ঠিকানায় আঢ়া  
পাঠাইয়া আমাদিগকে বাধিত করিবেন। ইতি ১৫ই  
অগ্রহায়ণ, ১৩৬৯ সাল।

নিবেদক  
রবীন্দ্রনাথ ঠাকুর।  
আচার্য, বিশ্বভারতী।

---



# SAMSKARA SAMITI

## GENERAL APPEAL

### MANTRA

Ya eko varno bahudha saktiyogat  
Varnan anekan nihitartho dadhiati  
Vichaiti chante visvamadau sa devah  
Sa no buddhya subhaya samyunaktu.

*Svetasvatara Upanishad.*

Translation : He who is one, and who dispenses the inherent needs of all peoples and all times, who is in the beginning and the end of all things, may He unite us with the bond of truth, of common fellowship, of righteousness.

### Object of our work :—

We have long been suffering from the grave social inequities which we have allowed to grow unchecked. Mutual distrust and hatred are the root cause of our misery. That is why Mahatma Gandhi has been compelled to resort to the extreme form of penance for our sins—to take the vow of fasting unto death if this curse of social discrimination is not removed from our midst. It is our imperative duty immedia-

tely to eradicate the evils that poison the sources of our humanity.

**We resolve that :—**

1. We shall not look down upon any person as inferior to us in status because of his caste, or the community to which he may belong.

2. All public temples, places of worship, schools, and social gatherings, water-tanks etc. will be made accessible to all irrespective of caste and creed. Untouchability in all its forms shall be discarded ; we shall be constantly engaged in trying to remove this evil from our neighbourhood, and from all places wherever we may find ourselves.

3. We shall tolerate nothing in our society which wounds the feelings of others.

**Programme of our work :—**

The Visvabharati through the Rural Welfare Department of Sriniketan has been for a long time working to remove untouchability from the Hindu Society, to spread education among the depressed classes, to purify and strengthen the relationship between members of the same community and of different communities by arousing amongst them the sense of self-respect and self-determination. With a view to intensify and widen the scope of our work a Samskara Samiti has been founded under the Visvabharati with the following as members of the Central Committee.

Members of the Central Committee :—

General Secretary of Visvabharati.

Secretary of Sriniketan.

Sj. Nepal Chandra Roy.

” Jagadananda Roy.

” Jitendranath Chakravarty.

” Dhirananda Roy.

” Kalimohan Ghosh—Secretary.

” Sudhir Chandra Kar—Asst. Secretary.

All moneys etc. collected for this purpose will be deposited with the General Secretary, Visvabharati. He will distribute help according to the recommendations of the Central Committee.

The tentative programme of our work has been mapped out as follows :—

1. **Rural service**

(a) Under the supervision of this Central Committee Sub-centres will gradually be opened in the villages.

(b) To start Harisahha centres in the villages under the auspices and control of the Samskar Samiti, where villagers can meet each other. On fixed days in the week arrangements will be made there for *Kirtan*, readings from the Scriptures, religious discourses, discussions of current social topics from the newspapers and of local village problems. On special religious occasions, social unions with interlining will be arranged. With such centres as the operating base attempts will

be made with the intimate co-operation of our depressed fellowbeings to start for their own benefit day and night schools, libraries, health societies, *Seva samities*, village *Panchayets*, *Brati-balaka* organisations.

Repairs and cleaning up of public roads and private houses, also door to door collection of funds etc. for such work, will be undertaken.

## 2. Residential education

A limited number of children from the depressed classes will be given residential education free of charge in the Ashrama school, and efforts will be made to train up from among them workers who can efficiently carry on the programme of social welfare work. The education of these students will include vocational training, so that they can earn their living by skilled work and intelligently help in the progress of their own community.

## 3. Propaganda and Organisation.

Meetings and social gatherings will be organised in different centres of the Hindu population, and lectures with lantern slides will be arranged for on suitable occasions by our lecturers who will travel in the villages to start centres of the *Samskara Samiti*. Circulars and pamphlets dealing with social problems will be published and distributed. Spread of accurate information with regard to the true significance of the Hindu scriptures will be undertaken with

the help of authorities on the subject. Gradually the sphere of work will be extended and the people will be enlightened as to their rights and privileges both social and civic.

We appeal to our countrymen to take up the work in right earnest and give it a permanent form. Patriotic workers in different places are earnestly requested to devote themselves to this sacred task, and to let us know particulars of their activities. All such communication should be sent to the Secretary, Samskara Samiti, Sriniketan, P. O. Surul, Dist. Birbhum. Contributions in kind or in money should be sent to the General Secretary, Visvabharati, Sriniketan P. O. Birbhum Dist., E. I. Ry.

Dated December 1, 1932.

Rabindranath Tagore

*Acharyya, Visvabharati, Santiniketan*